# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 20-09-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) চা বণিক সভা সংগঠন ইন্ডিয়ান টি প্ল্যান্টার্স অ্যাসোসিয়েশনের আওতাধীন উত্তরবঙ্গের তিন জেলার চা বাগানের শ্রমিকদের জন্য উৎসব বোনাসের হার চূড়ান্ত হয়েছে।

২) পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালে মহিলা স্বাস্থ্য কর্মীকে ধর্ষণের ঘটনায় মহিলা কমিশনের একটি দল আজ বেশ কয়েকজনের বয়ান রেকর্ড করেছে।

৩) এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহাকে হেফাজতে নেওয়ার ইডির আবেদনে রায়দান স্থগিত রেখেছে বিশেষ আদালত।

৪) পথশ্রী প্রকল্পের আওতায় নতুন রাস্তা তৈরি ও মেরামতির জন্য মুখ্য সচিব, জেলাগুলিকে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়ার নির্দেশ দিয়েছেন।

৫) কুর্মি সমাজের সমর্থকদের রেল অবরোধের জেরে আজ পুরুলিয়ার কোটশিলা স্টেশন চত্বরে উত্তেজনা।

৬) আগামীকাল মহালয়া। পিতৃপক্ষের অবসান ও দেবী পক্ষের সূচনা।

---

চা বনিকসভা সংগঠন ইন্ডিয়ান টি প্ল্যান্টার্স অ্যাসোসিয়েশন এর আওতাধীন উত্তরবঙ্গের তিন জেলার চা বাগানগুলিতে কর্মরত বাগিচা শ্রমিকদের জন্যে উৎসব বোনাসের হার চূড়ান্ত হয়েছে। আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও দার্জিলিং এর ৫০ একর আয়তনের কম জমিযুক্ত বাগানগুলির জন্যে ১২ দশমিক ৭৫ শতাংশ এবং তার বেশি আয়তনের বাগানগুলির শ্রমিকদের ১৩ দশমিক ৭৫ শতাংশ হারে বোনাস দেওয়া হবে বলে শ্রম দপ্তর সূত্রে জানা গিয়েছে। এর ফলে সব মিলিয়ে ১২২টি বাগানে কর্মরত প্রায় ৩০ হাজার শ্রমিক বোনাস চুক্তির আওতায় আসবেন। শ্রমিকদের ২১২ টাকা দৈনিক মজুরির উপরে ভিত্তি করে সারা বছর আয়ের উপরে আগামী বৃহস্পতিবারের মধ্যে এই বোনাস মিটিয়ে দেওয়া হবে বলে ঠিক হয়েছে।

---------------

বোনাস নিয়ে মালিক ও শ্রমিকদের মধ্যে বিবাদের জেরে উত্তরবঙ্গের ডুয়ার্সের আরো একটি চা বাগান বন্ধ হয়ে গিয়েছে। জলপাইগুড়ির কোহিনুর চা বাগানের শ্রমিকরা আজ সকালে কাজে গিয়ে বাগান বন্ধের নোটিশ দেখতে পেয়ে ক্ষোভে ফেটে পড়েন।

উল্লেখ্য শ্রমিকরা ২০% হারে বোনাস দাবি করলেও মালিকপক্ষ আট দশমিক ৩৩ শতাংশ হারে বোনাস দেওয়ার ব্যাপারে অনড় রয়েছে। বাগান বন্ধ হয়ে যাওয়ায় পুজোর মুখে এখানে কর্মরত প্রায় নয়শো জন শ্রমিক কাজ হারালেন।

বিজেপি সাংসদ মনোজ টিজ্ঞা হুঁশিয়ারি দিয়ে বলেছেন, দুদিনের মধ্যে সমস্যার সমাধান না হলে উত্তরবঙ্গ জুড়ে ব্যাপক আন্দোলন করা হবে।

এদিকে, বোনাস নিয়ে টালবাহানার জেরে আজ খড়িবাড়ির থানঝোরা চা বাগানের শ্রমিকরা বিক্ষোভে সামিল হয়েছেন। এদিন সকাল থেকে বোনাসের দাবিতে বিক্ষোভ দেখাচ্ছেন তারা। আগামী দুদিনের মধ্যে বোনাস মিটিয়ে দেওয়ার দাবি তারা জানাচ্ছেন।

-----------------

পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালে মহিলা স্বাস্থ্যকর্মীকে ধর্ষণের ঘটনায় আজ জাতীয় মহিলা কমিশনের একটি দল সেখানে যায়। অর্চনা মজুমদারের নেতৃত্বে দলের সদস্যরা ৪০ জনের বেশি মানুষের বয়ান রেকর্ড করেছেন। কথা বলেন নির্যাতিতার সঙ্গেও। শ্রীমতি মজুমদার বলেন, হাসপাতালে পর্যাপ্ত CCTV নেই। অভিযুক্ত ব্যক্তি হাসপাতালে দীর্ঘদিন ধরে সিন্ডিকেট চালাচ্ছিলেন।

বাইট

আগেই জানানো হয়েছে, গত ১৪ই সেপ্টেম্বর রাতে পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালে এক মহিলা স্বাস্থ্যকর্মীকে ধর্ষণের অভিযোগে ফেসিলিটি ম্যানেজার জাহির আব্বাস খানকে পুলিশ গ্রেপ্তার করে।

-----------------

এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহাকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করার এনফোর্সমেন্ট নির্দেশালয় ED-র আবেদনে রায়দান স্থগিত রেখেছে বিশেষ আদালত। আগামী মঙ্গলবার রায় শোনাবেন বিচারক শুভেন্দু সাহা। নিয়োগ দুর্নীতি মামলায় কারামন্ত্রীকে ৭ দিনের হেফাজতে চেয়ে আবেদন করেন ইডির আইনজীবী। তিনি আদালতে সওয়াল করেন, নিয়োগ দুর্নীতিতে মন্ত্রীর যোগ এর ব্যপারে তাকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন। বেশ কিছু আর্থিক লেনদেনের ব্যপারে চন্দ্রনাথ সহযোগিতা করছেন না বলেও দাবি করেন তিনি। হেফাজতের বিরোধিতা করেন চন্দ্রনাথের আইনজীবী।

-----------------

বিজেপি ২০ শে সেপ্টেম্বরকে প্রকৃত ভাষা দিবস হিসাবে মনে করে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, উত্তর দিনাজপুরের দাড়িভিটে উর্দু ভাষার শিক্ষক নিয়োগের প্রতিবাদে আন্দোলন করতে গিয়ে রাজেশ সরকার ও তাপস বর্মন নামে দুজন গুলিবিদ্ধ হয়ে প্রাণ হারান। ঐ ঘটনায় দোষীদের এখনও শাস্তি হয়নি বলে অভিযোগ করেছেন শুভেন্দুবাবু।

বাইট

নন্দকুমারের তৃণমূল কংগ্রেস বিধায়ক সুকুমার দে অনুদান পাওয়া পুজো মন্ডপগুলিতে মমতা ব্যানার্জীর ছবি বাধ্যতামূলক করার যে নিদান দিয়েছেন তারও সমালোচনা করেছেন শুভেন্দু বাবু। নিজের বক্তব্যে সুকুমার দে হুঁশিয়ারি দিয়েছিলেন যে, এই নির্দেশ না মানলে আগামী বছর ক্লাবগুলি যাতে অনুদান না পায়, তা তিনি দেখবেন।

----------------

খড়গপুর আইআইটিতে ফের এক ছাত্রের ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। হর্ষ কুমার পান্ডে নামে মেকানিকাল ইঞ্জিনিয়ারিং-এর ঐ পড়ুয়ার বাড়ি ঝাড়খন্ডে। বি আর আম্বেদকর হলে তার রুম থেকে হর্ষের দেহ উদ্ধার হয়। কিভাবে তাঁর মৃত্যু হল, তা খতিয়ে দেখছে পুলিশ। এই নিয়ে চলতি বছরে খড়গপুর আইআইটিতে ৬ পড়ুয়ার অস্বাভাবিক মৃত্যু হল।

----------------

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্র দ্বারা পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি

কিভাবে মোদী সরকার ডিজিটাল স্বাস্থ্য ব্যবস্থাকে শক্তিশালী করেছে, মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা কে আরও সহজলভ্য এবং সংযুক্ত করেছে।

একটি প্রতিবেদন

----------------

আজ শুনবেন বিশেষ আলোচনা সুস্থ নারী ও মজবুত পরিবার। দেপাড়া ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র-এর রাষ্ট্রীয় বালস্বাস্থ্য কার্যক্রম-এর মেডিকেল অফিসার ও অখিল ভারতীয় আয়ুর্বেদ মহাসম্মেলন-এর পশ্চিমবঙ্গ রাজ্য সমন্বয়ক আয়ুর্বেদ চিকিৎসক ডাঃ সুমিত সুর-এর সঙ্গে কথা বলবেন সুস্মিতা মণ্ডল।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮টায় গীতাঞ্জলী ও ডিটি এইচ বাংলা পরিষেবায়।

----------------

নতুন রাস্তা তৈরি ও মেরামতির জন্য রাজ্য সরকারের পথশ্রী প্রকল্পের চতুর্থ পর্যায়ের সূচনা হতে চলেছে। মুখ্য সচিব মনোজ পন্থ জেলাগুলিকে এব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়ার নির্দেশ দিয়েছেন। উৎসবের মরশুম শেষ হলেই ফের এই প্রকল্পের কাজ শুরু হয়ে যাবে বলে প্রশাসনিক সূত্রের খবর। এপর্যন্ত তিনদফায় এই প্রকল্পে রাজ্যে ২২ টি জেলায় মোট ৩৭ হাজার কিলোমিটার রাস্তা নির্মাণ ও মেরামত করা হয়েছে। চলতি আর্থিক বর্ষের বাজেটে পথশ্রী প্রকল্পের আরও দেড় হাজার কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্য সরকার।

----------------

কলকাতা, হাওড়া, সল্টলেক, নিউটাউন সহ রাজ্যের বিভিন্ন জেলায় রাস্তাঘাটের বেহাল অবস্থার কথা তুলে ধরে আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে চিঠি দিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। শারোদৎসবের আগে জরুরী ভিত্তিতে সারাইয়ের দাবি জানিয়েছেন তিনি। চিঠিতে শুভঙ্করবাবু বলেছেন, বেহাল রাস্তার কারণে অনেক সময় দুর্ঘটনা ঘটছে।

উল্লেখ্য গতকাল কলকাতার মেয়র ফিরহাদ হাকিম উত্তর ও দক্ষিণ কলকাতার রাস্তাঘাটের বেহাল দশা খতিয়ে দেখেন।

----------------

তফশিলি উপজাতি তালিকাভুক্ত সহ একাধিক দাবিতে কুর্মি সমাজের সমর্থকদের রেল অবরোধের জেরে আজ পুরুলিয়ার কোটশিলা স্টেশন চত্বর উত্তপ্ত হয়ে ওঠে। আন্দোলনকারীরা রেললাইনে নেমে অবরোধ করতে গেলে পুলিশ বাধা দেয়। পুলিশকে লক্ষ্য করে ব্যাপক ইট পাথর ছুড়তে থাকে বিক্ষোভকারীরা। পাল্টা পুলিশ কাঁদানে গ্যাসের শেল ফাটায়। পরিস্থিতি সামাল দিতে লাঠি চার্জেরও অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। কুর্মি সমাজের বেশ কয়েকজনকে আটক করা হয়েছে। পাথরের আঘাতে গুরুতর আহত কয়েকজন পুলিশকর্মীকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

----------------

আগামীকাল মহালয়া, পিতৃপক্ষের অবসান। ভোরে আকাশবাণী কলকাতা থেকে ঐতিহ্যবাহী মহিষাসুর মর্দিনী প্রচারের মধ্যে দিয়ে আকাশে বাতাসে ধ্বনিত হবে দেবী দুর্গার আগমনবার্তা। গঙ্গা সহ বিভিন্ন নদ নদী ও জলাশয়ের ঘাটে চলবে পিতৃ পুরুষের উদ্দেশে তর্পণ।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মহালয়ার আগে আজই পুজোর উদ্বোধন শুরু করবেন।

----------------

রাজ্য প্রশাসনের অনুরোধে মহালয়ায় গঙ্গায় তর্পনের জন্য আগামীকাল পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন চক্র রেল চলাচল নিয়ন্ত্রণ করবে। শিয়ালদা – বিবিডি বাগ, বিবিডি বাগ-বারুইপুর, মাঝেরহাট - বারাসাত, এবং শিয়ালদা – ব্যারাকপুর সহ ৯ টি লোকাল আগামীকাল বাতিল থাকবে। সাতটি লোকাল কলকাতা স্টেশনে যাত্রা শেষ করবে বলে জানানো হয়েছে।

কোনোরকম দুর্ঘটনা এড়াতে কলকাতা ও রাজ্য পুলিশ একাধিক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে। রিভার ট্রাফিক পুলিশ কলকাতা শহরের ৩৮ টি ঘাটে তর্পণের ব্যবস্থা করেছে। প্রতিটি ঘাটে বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মী ছাড়াও থাকছে স্পিড বোট ও লঞ্চ।

----------------

জাতীয় পুরস্কারপ্রাপ্ত স্বল্পদৈর্ঘ্যের ছবি ‘চলো জিতে হ্যায়’ ফের মুক্তি পেয়েছে। অন্যের জন্য বাঁচাই প্রকৃত বাঁচা- স্বামী বিবেকানন্দর প্রচারিত এই দর্শনের উপর ভিত্তি করে নির্মিত ছবিটি ২ অক্টোবর পর্যন্ত গোটা দেশে প্রদর্শিত হবে। কয়েক লক্ষ স্কুল ও পিভিআর, আইনক্স সহ প্রায় ৫০০টি প্রেক্ষাগৃহে সিনেমাটি দেখানো হচ্ছে। ২০১৮ সালে মুক্তি পাওয়ার পর ‘চলো জিতে হ্যায়’ ছবিটি দেশজুড়ে অন্যতম সর্বাধিক প্রদর্শিত স্বল্পদৈর্ঘ্যের ছবি হিসেবে স্বীকৃতি পেয়েছিল। পুনরায় এই ছবির মুক্তিকে কেন্দ্র করে চালু হয়েছে বিশেষ উদ্যোগ— ‘চলো জিতে হ্যাঁ: সেবা কা সম্মান’।

-----------------

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলায় আজ ও আগামীকাল ঝড়বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আজ বজ্রবিদ্যুত্ সহ ভারি বৃষ্টি হয়েছে কলকাতা সহ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বেশ কয়েকটি জেলায়। আগামীকালও দুই মেদিনীপুর, দুই ২৪ পরগণা, নদীয়া, কলকাতা, হাওড়া, হুগলী, পূর্ব বর্ধমান ও মুর্শিদাবাদ জেলায় বৃষ্টি হতে পারে।

আলিপুরে আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত ২৪ দশমিক ৮ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

----------------- -----------------